Total Pages—4

**PG/IVS/BNG-401/13**

# M.A. 4th Semester Examination, 2013

(স্নাতকোত্তর)

বাংলা

পাঠপর্যায় — ৪

একক ক্রম — বিএনজি–৪০১

পূর্ণমান : ৪০

*সময়* : ২ ঘন্টা

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

১। বঙ্গদর্শন থেকে গ্রন্থাকারে প্রকাশিত রজনী উপন্যাসে রজনী চরিত্রের কী কী পরিবর্তন ঘটেছে আলোচনা করো। ১০

*অথবা*

'রজনী' উপন্যাসটি গ্রন্থাকারে প্রকাশকালে বঙ্কিমচন্দ্র এটিকে 'নূতন গ্রন্থও বলা যাইতে পারে' বলে মন্তব্য করেছেন। এই মন্তব্য কতদূর গ্রহণযোগ্য তা যুক্তিসহ আলোচনা করো।

( *Turn Over* )

২। রাজর্ষি উপন্যাসকে বিসর্জন নাটকে রূপান্তরের সময় রবীন্দ্রনাথ কী কী গ্রহণ বর্জন করেছেন তার পরিচয় দাও। ১০

*অথবা*

উপন্যাসের গোবিন্দমাণিক্য ও নাটকের গোবিন্দমাণিক্য চরিত্রের তুলনামূলক আলোচনা করে দেখাও কোন চরিত্রটি অধিকতর শিল্প–সার্থক।

৩। লোকসাহিত্যে কথান্তর সৃষ্টির কারণ সম্পর্কে বিশদ আলোচনা করো। ১০

*অথবা*

দৃষ্টান্তসহ কথান্তর ব্যাপারটি বুঝিয়ে দাও। কথান্তরগুলি সংরক্ষণের ও গবেষণার প্রয়োজন আছে কেন বুঝিয়ে দাও।

৪। কবিতা অনুবাদের ক্ষেত্রে বুদ্ধদেব বসুর পরামর্শগুলি কতদূর অবধি গ্রহণীয় বুঝিয়ে দাও। ১০

*অথবা*

নিম্নে উদ্ধৃত সংস্কৃত শ্লোকটির অনুবাদগুলির তুলনামূলক বিচার করে কোন্ অনুবাদটি অপেক্ষাকৃত আস্বাদ্য ও উৎকৃষ্ট উল্লেখ করো ঃ

ধূমজ্যোতি সলিল মরুতার সন্নিপাতঃ ক মেঘঃ
সন্দেশার্থাঃ ক পটুকরনৈঃ প্রাণিভি প্রাপণীয়াঃ ।
ইত্যৌৎ সুক্যাদ পরিগণয়ন সুহ্বকস্তং যযাচে
কামার্তাহি প্রকৃতিকৃপণাশ্চেতনাচেতনেষু ।

অনুবাদ ১.

কোথা মেঘ ধূমজ্যোতি জলবায়ু ময় ?
যোগ্যেন্দ্রীয় জীব বাহ্য বার্তা বা কোথায় ?
না বিচারি ব্যগ্রতার বশে এ বিষয়
মেঘের নিকটে যক্ষ প্রার্থনা জানায় ।
চেতনা চেতন ভেদ বুদ্ধি যারে কয়
কামাতুর স্বভাবত হীন তাহে হয় ।

অনুবাদ ২.

বাতাস, জল, ধোঁয়া এবং আলো দিয়ে বিনির্মিত
বলো কোথায় মেঘ !
এবং কোথায় বা নিগূঢ় অনুভবী মানব মানবীর
সুসমাচার,
এসব বোধ ছেড়ে কামুক যক্ষ সে মেঘ কে সঁপে
দিল দূতের কাজ ।
কেননা. কামুকের লুপ্ত হয়ে যায় জড় ও চেতনের
বিভেদ জ্ঞান ।

অনুবাদ ৩.

হায়রে কি মূরতি, বাতাস ধোঁয়া জল–কেবলি এ
তিনের সমাহর
কীসের বদলে কী ? যা আমি মেঘে দেখি–মানুষ
জ্ঞানবান রচনা
আমারি ব্যগ্রতা ভোলায় বিবেচনা এবং করে তোলে
বিমূঢ়
চেতনে অচেতনে অভেদ মনে হয় আমার মত পাকে
পড়লে ।

---